www.xtrapapers.com
www.PapaCambridge.com

MINISTRY OF EDUCATION, SINGAPORE
in collaboration with
UNIVERSITY OF CAMBRIDGE LOCAL EXAMINATIONS SYNDICATE
General Certificate of Education Ordinary Level

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension

October/November 2006

**1 hour 30 minutes**

Additional Materials: Answer Sheet

**READ THESE INSTRUCTIONS FIRST**

Write your Centre number, index number and name on all the work you hand in.
Write in dark blue or black pen.
Do not use staples, paper clips, highlighters, glue or correction fluid.

Answer **all** questions.

At the end of the examination, fasten all your work securely together.
The number of marks is given in brackets [ ] at the end of each question or part question.

This document consists of **8** printed pages and **4** blank pages.

Singapore Examinations and Assessment Board

UNIVERSITY of CAMBRIDGE International Examinations

www.xtrapapers.com
www.PapaCambridge.com


BLANK PAGE

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section A

## বিভাগ 'ক'

**A1 Combination/Separation of Words**
সন্ধি/সন্ধি বিচ্ছেদ

নিচে দেওয়া শব্দগুলির সন্ধি বিচ্ছেদ কর।
তোমার উত্তর প্রদত্ত উত্তর পুস্তিকায় লেখো।

**1** অত্যাচার

**2** উন্নতি

**3** গায়ক

**4** ভবন

**5** শান্ত

**A2 Idioms, Proverbs and Words in Pairs** [10]
বাগধারা, প্রবচন, জোড়া শব্দ

নিচে বাক্যগুলিতে একটি করে শূন্যস্থান দেওয়া আছে। শূন্যস্থানগুলি পূরণের জন্য নিচে দেওয়া উপযুক্ত বাগধারা / প্রবচন / জোড়া শব্দটি বেছে উত্তর পুস্তিকায় লেখো।

**6** তোমার হলো ____________________, নইলে এই সহজ কাজটি করতে এত সময় লাগে!

**7** স্কুল পালাতে গিয়ে ধরা পড়ে তপু প্রধান শিক্ষকের সামনে ____________________ র মতো ভয়ে কাঁপতে লাগলো।

**8** পরের জন্য খাদ করলে নিজেই তাতে পড়তে হয়। চেয়ারম্যান সাহেব প্রতিপক্ষকে জব্দ করতে গিয়ে নিজেই ____________________ পড়লেন।

**9** বাইরে গেলে সভা ও মিছিলে যেতে হয়, ঘরে থাকলে মা-বাবার বকুনি খাই। আমার হয়েছে ____________________ অবস্থা।

**10** আমার টাকা পয়সা আত্মসাৎ করে তুমি তোমার ব্যবসা বাড়িয়েছো। এবার আমার পাওনা ____________________ মিটিয়ে না দিলে ছাড়ছি না।

| | |
|---|---|
| **(1)** আকাশ পাতাল | **(6)** অগাধ জলের মাছ |
| **(2)** নবমীর পাঁঠা | **(7)** সুখাত সলিলে |
| **(3)** কাঁঠালের আমসত্ত্ব | **(8)** কড়ায়-গণ্ডায় |
| **(4)** জলে কুমীর ডাঙায় বাঘ | **(9)** আঠারো মাসে বছর |

www.xtrapapers.com

www.PapaCambridge.com



## A3 Sentence Transformation [10]
বাক্য রূপান্তর

**নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে উপযুক্ত শব্দের সাহায্যে এমন ভাবে পূরণ কর যেন তার অর্থ ওপরের বাক্যটির অর্থ থেকে বদলে না যায়। উত্তর পুস্তিকায় শুধু তোমার উত্তরটুকুই সম্পূর্ণ বাক্যে লিখবে।**

**11** তিনি ধনী ছিলেন, কিন্তু সুখী ছিলেন না
তিনি ধনী ________________________________________।

**12** যদিও ভালো বৃষ্টি হয়েছে, তথাপি ভালো ফসল হবার সম্ভাবনা নেই।
ভালো বৃষ্টি ________________________________________।

**13** আমাদের স্কুল এবারের ফুটবল ম্যাচ জিততে পারে নি।
আমাদের স্কুল ________________________________________।

**14** স্যার ক্লাসের সবাইকে বললেন, “ আগামিকাল হোমওয়ার্ক আনবে।”
স্যার ক্লাসের ____________________________________।

**15** মেয়েটি আমাকে ভেতরে যেতে অনুরোধ করলো।
মেয়েটি আমাকে ______________________________________।

www.xtrapapers.com



www.PapaCambridge.com

## A4 Cloze Passage

ক্লোজ পরিচ্ছেদ

এই অনুচ্ছেদটিতে শূন্যস্থানগুলি পূরণের জন্য নিচে কতগুলি শব্দ দেওয়া হয়েছে। প্রত্যেকটি শূন্যস্থান পূরণের জন্য তার মধ্য থেকে উপযুক্ত শব্দটি বেছে উত্তর পুস্তিকায় লেখো।

এতে কোনো সন্দেহ নেই যে মোবাইল ফোন কোটি কোটি মানুষের জীবনে ______ (16) এনেছে। তরুণ প্রজন্ম তাদের মা-বাবাদের চাইতে তাড়াতাড়ি এই নতুন টেক্‌নোলজির ______ (17) শিখেছে। তারা গতানুগতিক মৌখিক বার্তার সঙ্গে টেক্সট মেসেজও জুড়ে দিচ্ছে, এবং এটা এখন বিশ্বের সব চাইতে জনপ্রিয় ______ (18) মাধ্যম গুলোর মধ্যে একটি। এখন ______ (19) সমাজকে সচরাচর দেখা যায় পথ চলতে চলতে চট করে সেল ফোনে চোখ রেখে টেক্সট মেসেজ পড়তে অথবা ডায়াল প্যাড টিপে ছোট মেসেজ পাঠাতে। এই মেসেজগুলি যে কত ______ (20) পাঠানো হয় সেটা আশ্চর্যজনক। তরুণ সমাজের অধিকাংশের নিজস্ব কোনো ______ (21) নেই। তাই ফোন করার চেয়ে টেক্সট পাঠানো অনেক ______ (22) কারণ, এতে খরচ অনেক কম। যাইহোক, চিন্তার বিষয় এই যে, কোনো কোনো বিজ্ঞানীর বিশ্বাস, টেক্সট মেসেজের বদৌলতে ১৬ বছর বয়স্ক তরুণদের প্রায় অর্ধেকের ঘুমের ______ (23) ঘটবে। এদের মধ্যে আবার কেউ কেউ টেক্সট মেসেজ আসার সঙ্গে সঙ্গে যাতে পড়তে পারে সেজন্য মোবাইল সঙ্গে নিয়েই ঘুমায়। কিছু সংখ্যক বিজ্ঞানী মনে করেন, অধিক রাতের টিভি প্রোগ্রামের কারণে ______ (24) ব্যাঘাতের চাইতে টেক্সট মেসেজের কারণে ঘুমের ব্যাঘাৎ অধিকতর গুরুত্বপূর্ণ। এর কারণ, টিভি প্রোগ্রাম তরুণদের সময় ______ (25) দেয়। কিন্তু মোবাইল ফোন প্রকৃতপক্ষে ঘুমের বিঘ্ন ঘটায়।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (1) | যোগাযোগ | (6) | ব্যাঘাৎ | (11) | ব্যবহার |
| (2) | তরুণ | (7) | পরিবর্তন | (12) | তাড়াতাড়ি |
| (3) | খরচ | (8) | আয় | (13) | সুবিধাজনক |
| (4) | বিজ্ঞান | (9) | ঘুমের | (14) | উৎসাহিত |
| (5) | আনন্দ | (10) | পিছিয়ে | (15) | প্রোগ্রাম |

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section B
## বিভাগ 'খ'

অনুচ্ছেদটি ভাল করে পড়ে নিচে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও।

### এশিয়ার হাতি

এশিয়া ও আফ্রিকার হাতির মধ্যে পার্থক্য এই যে এশিয়ার হাতির দাঁত, কান ও আকার ছোট এবং এদের পিঠ উঁচু। ভারত থেকে সুমাত্রা পর্যন্ত বিস্তৃত এলাকার নিচু বনভূমিতে এসব হাতি দলবদ্ধভাবে অথবা একজন বয়স্কা হাতির নেতৃত্বে পাঁচ থেকে বিশটি হাতির বর্ধিত পরিবারে বাস করে।

এশিয়ার হাতি নিচু বন-জঙ্গলের চারিদিকে যেসব সুস্বাদু গাছপালা বেড়ে উঠছে সেসব খেয়ে বেঁচে থাকে। এরা ফল খেতেও খুব ভালবাসে। এসব ফল গাছের উঁচু মাথায় থাকলে সেগুলো পাবার জন্য দরকার হলে গাছপালা উপড়িয়ে ফেলে। কখনো কখনো এদের অপচয়ী বলে দোষারোপ করা হয়, কারণ হাতির দল আহার সংস্থানের জন্য চলার পথের সবকিছু ভেঙ্গে তছনচ করে। পেছনে ফেলে আসা এই ভাঙ্গা গাছপালা এবং উচ্ছিষ্ট খাবার বুনো গরু, ছাগল ও হরিণের জন্য খাবার জোগায়। স্বভাবতই, হাতি চরে বেড়ানোর জন্য বিশাল জায়গার প্রয়োজন, যাতে ক্ষতিগ্রস্থ এলাকাগুলো ঠিক হতে যথেষ্ট সময় পায়।

একটি প্রাপ্তবয়স্ক হাতি দিনে প্রায় এক'শ পঞ্চাশ কিলোগ্রাম খাবার এবং সত্তর থেকে নব্বই লিটার জল পান করতে পারে। এশিয়ার হাতি গরম পছন্দ করে না, তাই দুপুরের দিকে এরা গভীর ছায়া খোঁজে। কানগুলো আফ্রিকার হাতির চাইতে ছোট হওয়াতে বিশাল দেহকে ঠাণ্ডা রাখার ক্ষমতা এদের কম হয়।

রসাল ফলমূল ও গাছপালার প্রতি লোভের ফলে হাতি ও মানুষের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ বাধে। ইন্দোনেশিয়ায় হাতির দলকে একই সঙ্গে সংরক্ষিত ও শত্রুভাবাপন্ন পশু বিবেচনা করার ফলে এক অদ্ভুত পরিস্থিতির সৃষ্টি হয়। কৃষকদের সহায়তা করার জন্য নানাবিধ উপায় অবলম্বন করা হয়েছে, যেমন হাতির পূণর্বাসন কিংবা বৈদ্যুতিক বেড়ার ব্যবস্থা। কিন্তু সব ব্যবস্থাই আংশিকভাবে সফল হয়েছে।
থাইল্যান্ডে হাতিকে পোষ মানানো একটি প্রাচীন প্রথা। হাতির অপরিসীম শক্তি, দীর্ঘ জীবন এবং শেখার ক্ষমতা এদের ভারী বোঝা বহনের কাজে সহায়ক হয়। হাতি সত্যিকার অর্থে গৃহপালিত জন্তু নয় কারণ এরা খুব কমই বন্দী অবস্থায় বংশ বৃদ্ধি করে।

**B5 MCQ Comprehension** [14]
বোধজ্ঞানের বহু বিকল্প প্রশ্ন

প্রত্যেকটি প্রশ্নের চারটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে তার সংখ্যাটি উত্তর পুস্তিকায় লেখো।

26 এশিয়ার হাতি আফ্রিকার হাতির চাইতে ভিন্ন কারণ এদের

(1) কান বড় ও দাঁত ছোট
(2) আকার ও দাঁত ছোট
(3) আকার ও দাঁত বড়
(4) কান ছোট এবং দাঁত বড়

www.xtrapapers.com
www.PapaCambridge.com



27 এশিয়ার হাতি পছন্দ করে

(1) প্রায় বিশটি পর্যন্ত হাতির দলে থাকতে
(2) বিশটির অধিক হাতির দলে থাকতে
(3) মাত্র একটি মহিলা হাতির সঙ্গে থাকতে
(4) পাঁচটির কম হাতির পরিবারে থাকতে

28 অন্য জীবজন্তু

(1) হাতির খাবারের আগেই সব সবজি খেয়ে ফেলে
(2) প্রায়ই খাবারের জন্য গাছপালা নষ্ট করে
(3) হাতি আসার আগেই পালিয়ে যায়
(4) হাতির উচ্ছিষ্ট খাবার খেয়ে ফেলে

29 এশিয়ার হাতি

(1) শারীরিকভাবে গরম সহ্য করতে পারে না
(2) আফ্রিকার হাতির চাইতে বেশি খাবার ও পানীয় খায়
(3) ছোট কান দিয়ে শরীরটাকে ঠাণ্ডা রাখে
(4) দুপুরে ঘুরে বেড়াতে পছন্দ করে

30 ইন্দোনেশিয়ার কৃষকদেরকে হাতির সমস্যা থেকে বাঁচানোর কাজ

(1) সবসময় সফল হয়েছে
(2) কখনো সফল হয়নি
(3) নিঃসন্দেহে সফল হয়েছে
(4) মাঝেমধ্যে সফল হয়েছে

31 ইন্দোনেশিয়ায়

(1) হাতিকে সবসময় শত্রু বিবেচনা করা হয়
(2) হাতিকে শত্রু এবং বন্ধু দুটোই মনে করা হয়
(3) কৃষকরা ফল উৎপন্ন করা বন্ধ করে
(4) লোকজন হাতির সুরক্ষার জন্য আপ্রাণ চেষ্টা করে আসছে

32 থাইল্যান্ডে

(1) সব হাতিকে শুধুমাত্র বাড়ি-ঘরে রাখা হয়
(2) হাতিকে বন্দী করে রাখা হয়
(3) হাতিকে দিয়ে প্রধানত কাজ করানো হয়
(4) হাতির বুদ্ধির জন্য এর দাম খুব বেশি হয়

www.xtrapapers.com
www.PapaCambridge.com



## Section C

## বিভাগ 'গ'

নিচে দেওয়া অনুচ্ছেদটি ভাল করে পড় এবং প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখো।

### ইন্দোনেশিয়ায় যাত্রা

মাকাস্‌সার বন্দর থেকে সুদুর বান্‌দা দ্বীপে যাবার জন্য, ১৮ বছর বয়স্ক একজন তরুণ ইংরেজ একটি যাত্রীবাহী জাহাজে চেপে বসলো। জলপথে বিপদসঙ্কুল যাত্রার ইচ্ছা তার ছিলো না, বরং সেসব দ্বীপপুঞ্জ দেখার জন্য সে দৃঢ়প্রতিজ্ঞ ছিলো যেগুলো ইন্দোনেশিয়ার আদি ইতিহাসে এক গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলো। সপ্তদশ শতাব্দীতে এই দ্বীপগুলো ইউরোপীয় বণিকদের জন্য এক জাতীয় মূল্যবান রান্নার মশলা, জায়ফল ব্যবসার কেন্দ্রস্থল ছিলো।

এই তরুণ পর্যটক ভিড় ঠেলে তার ক্ষুদ্র কেবিন খুঁজে পেলো। সে দেখতে পেলো যাত্রীদের মধ্যে কিছু সংখ্যক ভীতগ্রস্থ ছোট ছেলেমেয়ে এবং তরুণ-তরুণী যাদেরকে দেখে মনে হচ্ছিলো এই প্রথমবার বাড়ি ছেড়ে দুরে কোথাও যাচ্ছে। কিন্তু সে দেখে বিস্মিত হলো কিভাবে অধিকাংশ যাত্রী এই বিপদসঙ্কুল যাত্রার কথা চিন্তা না করে নিঃশব্দে, নিরুদ্বিগ্নে তাদের রুটিন কাজ করে চলছে। একটি বিলাসবহুল কেবিন অধিকার করেছিলো এক মুক্তা ব্যবসায়ী, যার দাঁতগুলো উঁচুনিচু এবং পরনে ছিলো একটি লুঙ্গি। সে মুক্তা ভর্তি একটি বাক্সের দিকে সতর্ক দৃষ্টি রাখছিলো। মটর দানা আকৃতির একটি কালো মুক্তা হাতে তুলে ধরে সে বললো, "চমৎকার!" সারাপথে তার কেবিনের দরজার বাইরে শক্তিশালী পাহারাদার ছিলো এবং ভেতরে কারো ঢোকা নিষেধ ছিলো।

পরের দিন পর্যটকের জাহাজ বান্‌দা দ্বীপের প্রধান বন্দরে ভিড়লে সে স্বস্তির নিশ্বাস ফেললো। সেখানে তানিয়ার সঙ্গে তার দেখা হলো। তানিয়ার পরিবার একটি স্থানীয় হোটেল চালাতো। হোটেলটি ছিলো ওলন্দাজদের তৈরি বিশাল ঔপনিবেশিক ধরণের একটি বিল্‌ডিং। কমলা সাদা সুর্যাস্তের শোভায় জমকালো রঙে রঞ্জিত দ্বীপপুঞ্জর চমৎকারিত্ব দেখে সে অভিভূত হয়েছিলো। তানিয়া অবশ্য তাকে বললো যে তার হোটেলের ব্যবসা এতই মন্দা চলছিলো যে গত দুই বছরের মধ্যে সেই প্রথম অতিথি যে এই হোটেলে থাকতে এসেছিলো।
এটা সত্যিই দুঃখজনক যে, জায়ফল মশলা তখনো সেখানে থাকা সত্ত্বেও এর তেমন কোনো মূল্য ছিলো না এবং বড় বড় ব্যবসায়ীদের এর প্রতি কোনো আগ্রহ ছিলো না।

www.xtrapapers.com
www.PapaCambridge.com



**C6 OE Comprehension** 6]

বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

**নিচের প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখো।**

**33** পর্যটকের বয়স, জাতীয়তা ও যাত্রা সম্পর্কে আমরা কি কি জানতে পারি ?

**34** মুক্তা ব্যবসায়ী ছাড়া জাহাজের অন্যান্য যাত্রীদেরকে লেখক কিভাবে বর্ণনা করেছেন? (চারটি বিষয় লেখো)

**35** মুক্তা ব্যবসায়ীর চেহারা সম্পর্কে কি বলা হয়েছে এবং সে কি করছিলো?

**36** হোটেলটি এবং এর ব্যবসা সম্পর্কে লেখক কি কি তথ্য দিয়েছেন?

**37** লেখা অনুযায়ী সপ্তদশ শতাব্দি থেকে বর্তমান সময় পর্যন্ত এই দ্বীপপুঞ্জে কিভাবে জায়ফল ব্যবসার পরিবর্তন হয়েছে, লেখো।

**38** যাত্রার পূর্বে, যাত্রার সময়ে এবং যাত্রার শেষে পর্যটকের অনুভূতি বর্ণনা কর?

**C7 Vocabulary** [10]

শব্দার্থ

উপরোক্ত অনুচ্ছেদে রেখাঙ্কিত নিচের শব্দগুলির অর্থ লেখো।

**39** পর্যটক

**40** দ্বীপপুঞ্জ

**41** মন্দা

**42** কেন্দ্রস্থল

**43** বিলাসবহুল

**End of Paper**

www.xtrapapers.com
www.PapaCambridge.com


BLANK PAGE

BLANK PAGE

www.xtrapapers.com
www.PapaCambridge.com

www.xtrapapers.com

www.PapaCambridge.com



**BLANK PAGE**

Permission to reproduce items where third-party owned material protected by copyright is included has been sought and cleared where possible. Every reasonable effort has been made by the publisher (UCLES) to trace copyright holders, but if any items requiring clearance have unwittingly been included, the publisher will be pleased to make amends at the earliest possible opportunity.

University of Cambridge International Examinations is part of the University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which is itself a department of the University of Cambridge.